

পাট (লাইসেন্সিং এণ্ড এনফোর্সমেন্ট) বিধিমালা, ১৯৬৪
১৬ই জুলাই, ১৯৯৫ পর্যন্ত সর্বশেষ সংশোধনী সংযোজিত

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা পাট (লাইসেন্সিং এণ্ড এনফোর্সমেন্ট) বিধিমালা, ১৯৬৪ নামে অভিহিত হইবে। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

- (এ) 'বেলার' (Baler) অর্থ প্রেস মালিক ব্যতীত কোন ব্যবসায়ী যিনি কাঁচা বা পাকা বেল নামে পরিচিত কাঁচা বা পাকা যাচাইকৃত পাট বাঁধাই করিবার জন্য কাঁচা বা পাকা প্রেস ব্যবহার করেন অথবা কেবলমাত্র কাঁচা বা পাকা বেল বাঁধাই করিবার জন্য তাহার ব্যবসা কেন্দ্রে আলগা (Loose) পাট খরিদ করেন অথবা অভ্যন্তরীণ বাজারে বেল পাট ক্রয় বা বিক্রয় করেন, অথবা কোন ব্যবসায়ী যিনি ফি'র বিনিময়ে অন্যের পাট (আলগা বা বেল) হেফাজত করেন বা তাহাদের দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইলে বিক্রয়ের মধ্যস্থতা করেন, অথবা কোন ব্যবসায়ী যিনি বাংলাদেশের ভিতরের দুইজন ব্যবসায়ীর মধ্যে বা বাংলাদেশের বিক্রেতা এবং বাংলাদেশের বাহিরের কোন ক্রেতার মধ্যে ব্রোকারী বা কমিশন বা বেতনের বিনিময়ে বেল পাট ক্রয় বা বিক্রয়ের মধ্যস্থতা করেন ;
- (বি) 'পাটের ডিলার' (Dealer of Jute) অর্থ কোন ব্যবসায়ী যিনি কেবলমাত্র আওলা পাটের ব্যবসা করেন, অথবা যিনি ক্রয় বা বিক্রয়ের মধ্যস্থতা করেন ;
- (সি) (বিলুপ্ত) ;
- (সিসি) 'পাটজাত পণ্যের ডিলার' (Dealer of Jute Manufactures) অর্থ কোন ব্যবসায়ী যিনি পাটজাত পণ্যের ব্যবসা করেন কিন্তু কোন জুট মিল ইহার অন্তর্ভুক্ত হইবে না ;
- (ডি) (বিলুপ্ত) ;
- (ই) 'পাটের বিন্যাস' (Grading of Jute) অর্থ সরকার কর্তৃক সময় সময় স্বীকৃত স্ট্যান্ডার্ড ট্রেড গ্রেডের সংগে সংগতিপূর্ণ পাটের গুণাগুণ অনুসারে শ্রেণীবিন্যাস করা ;
- (এফ) (বিলুপ্ত) ;
- (জি) (বিলুপ্ত) ;
- (এইচ) 'প্রস্তুতকারক' (Manufacturer) অর্থ কোন ব্যবসায়ী যিনি পাটজাত পণ্য প্রস্তুত করার জন্য মিলের আংগিনায় পাট গুদাম ও প্রেসসহ পাটকল ব্যবহার করেন বা কেবলমাত্র পাটজাত পণ্য প্রস্তুত করিবার জন্য মিলের আংগিনায় পাট (আলগা ও বেল উভয়ই) ক্রয় করেন ;
- (আই) 'মণ' (Maund) অর্থ ৪০ সেরে ১ মণ, ৮০ তোলায় ১ সের ;
- (জে) 'অধ্যাদেশ' (Ordinance) অর্থ পাট অধ্যাদেশ, ১৯৬২ (LXXIV of 1962) ;